

বিশ্বমানের জাতীয় পরিসংখ্যান
ব্যবস্থা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ শাখা
www.sid.gov.bd

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০০৬.৩১.১১০.১৯ (অংশ-৩)-৫৫

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯

০২ আগস্ট ২০২২

বিষয়: ব্যয় সংকোচন সংক্রান্ত বিশেষ সভার কার্যবিবরণী প্রসঙ্গে।

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০০.২৬৯০.০৬৯.৪৬.০০৪.২০২০-৮৩, তারিখ ২১-০৭-২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের সভাপতিত্বে সকল মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিববৃন্দের সাথে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ব্যয় সংকোচন সংক্রান্ত বিষয়ের বিশেষ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুসারে-

(ক) মন্ত্রণালয়সমূহ তাদের নিজ এবং আওতাভুক্ত দপ্তর/সংস্থা/কার্যালয়সমূহে বিদ্যুৎ ব্যবহার হ্রাসের মাধ্যমে প্রদত্ত বরাদ্দের ২৫% এবং জ্বালানি খাতে বরাদ্দের ২০% ব্যয় হ্রাস করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(খ) অর্থ মন্ত্রণালয় বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণের জন্য সরকারি যানবাহন প্রতি মাসিক জ্বালানি বরাদ্দ ২০% সংকোচনের আদেশ জারির ব্যবস্থা গ্রহণ করবে।

(গ) বিদ্যুতের শাস্ত্রীয় ব্যবহার নিশ্চিতকল্পে সকল সরকারি-বেসরকারি শীতাতাপ নিয়ন্ত্রণ যন্ত্র সর্বনিম্ন ২৪ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় ব্যবহার সংক্রান্তে মন্ত্রিপরিষদ বিভাগ হতে ১৩ মে ২০১৩ তারিখে জারিকৃত ০৪.৪২৩.০২২.০২.০৬.০০১.২০১২.৪৬ নম্বর পরিপত্র যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

(ঘ) অনিবার্য না হলে শারীরিক উপস্থিতিতে সভা পরিহার করতে হবে এবং অধিকাংশ সভা অনলাইন-প্ল্যাটফর্মে আয়োজন করতে হবে।

(ঙ) মন্ত্রণালয়সমূহ বিদেশ ভ্রমণ সীমিতকরণে কঠোর পদক্ষেপ গ্রহণ করবে।

(চ) মন্ত্রণালয়সমূহ বাৎসরিক ক্রয় পরিকল্পনা পুনঃপর্যালোচনা করে রাজস্ব ব্যয় হ্রাসের উদ্যোগ গ্রহণ করবে।

০২। এমতাবস্থায়, প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের সভার কার্যবিবরণী।

২-৮-২০২২

মোঃ ফরিদ হোসেন
সিনিয়র সহকারী সচিব

মহাপরিচালক

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০০৬.৩১.১১০.১৯ (অংশ-৩)-৫৫/১(৪২)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯
০২ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ২) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৩) যুগ্মসচিব, যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৪) যুগ্মসচিব, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৫) উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৬) উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- ৭) সিনিয়র সহকারী সচিব ও সমপর্যায়ের কর্মকর্তা (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- ৮) সহকারী সচিব ও সমপর্যায়ের কর্মকর্তা (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- ৯) একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১০) প্রোগ্রামার, প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১১) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি -২ শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ



২-৮-২০২২

মোঃ ফরিদ হোসেন
সিনিয়র সহকারী সচিব